দৈনিক সংবাদ

তারিখ 13 JUN 1993
পৃষ্ঠা ৬ কলাম ৬

# গ্রামের বিপুল অশিক্ষিত মহিলাকে শিক্ষিত করে তুলতে হবে : তরিকুল ইসলাম

মহিলা ও সমাজকল্যাণ মন্ত্রী তরিকুল ইসলাম, মহিলা স্বেচ্ছাসেবী সংগঠনগুলোর প্রতি দেশের গ্রামাঞ্চলের বিপুল সংখ্যক অশিক্ষিত মহিলা ও শিশুদের শিক্ষিত করে তোলার উদ্দেশ্যে শিক্ষা বিস্তারের কর্মসূচী গ্রহণের আহ্বান জানিয়েছেন।

বাসস জানায়, মন্ত্রী গতকাল শনিবার ঢাকায় ইঞ্জিনিয়ার্স ইন্সটিটিউশন আয়োজিত মহিলা স্বেচ্ছাসেবী সংগঠনগুলোর জাতীয় সম্মেলনের উদ্বোধনকালে এই আহ্বান জানান।

তিনি বলেন, বর্তমান সরকার আগামী অর্থবছরে 'শিক্ষার বিনিময়ে খাদ্য কর্মসূচী' চালু করছে। তিনি বলেন, ছোট ছোট শিশুদের স্কুলে পাঠানোর জন্য সরকার অভিভাবকদের উৎসাহিত করার উদ্দেশ্যে এই কর্মসূচী নিয়েছে।

মন্ত্রী বলেন, অর্থনৈতিকভাবে স্বাধীন মহিলারা সমাজের বৃহত্তর ভূমিকা পালন করতে পারে।

মহিলা বিষয়ক মন্ত্রণালয়ের সচিব মোহাম্মদ এনামুল হক অনুষ্ঠানে সভাপতিত্ব করেন।